

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমষ্টিয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	উড়াল ও পাতাল
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২১.২৬ কিলোমিটার দীর্ঘ উত্তরা উত্তর হতে কমলাপুর পর্যন্ত MRT Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজ Early Commission এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদেশে এগিয়ে চলছে। ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত উত্তরা উত্তর হতে মতিবিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৭.৬২%। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা উত্তর হতে আগারগাঁও অংশের কাজের অগ্রগতি ১০০%। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিবিল অংশের পূর্ত কাজের অগ্রগতি ৯৬.৯৬%। তৃতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত মতিবিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ৯৩.৯৪%। ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমষ্টিত অগ্রগতি ৯২.৯৬%।

প্যাকেজিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত প্যাকেজিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এই প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাধারণ হয়েছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ গত ২০ জুন ২০২২ তারিখ সম্পূর্ণ হয়েছে। আগামী ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখ Defect Notification Period (DNP) শেষ হবে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাট্স ও ৯টি স্টেশন নির্মাণ):** উত্তর প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজ দুইটির পূর্ত কাজের সমষ্টিত বাস্তব অগ্রগতি ১০০%। উত্তরা

থেকে আগারগাঁও পর্যন্ত অংশের রুট এ্যালাইনমেন্টের মিডিয়ানে বৃক্ষ রোপনের কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ৮০% বৃক্ষ রোপনের কাজ সম্পন্ন হয়েছে।

মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার ভায়াডাস্ট ও ১টি স্টেশন নির্মাণ: মানবীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত গত ০১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ থেকে ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত মোট ১৭২ টি পাইলের মধ্যে ৭৫টি পাইল, ৬১টি পাইল ক্যাপের মধ্যে ১১টি পাইল ক্যাপ, ৩৯টি পিয়ারের মধ্যে ৩০টি পিয়ার এবং ৩০ টি স্টেশন কলামের মধ্যে ০৮টি স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা কল্পট্রাকশন ইয়ার্ডে ৩০৫টি প্রিকান্ট সেগমেন্টের মধ্যে ৪৪টি প্রিকান্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। এই পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি ১৩.৯৪%।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাস্ট ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাস্ট ও স্টেশনসমূহের Roof Sheet স্থাপন পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৬.৯৭%।
- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাস্ট ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। ইতোমধ্যে ভায়াডাস্ট ও স্টেশনসমূহের Roof Sheet স্থাপন পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজের আওতাধীন মেট্রোরেল স্টেশনসমূহের Entry/Exit, Mechanical, Electrical and Plumbing (MEP) ও Architectural কাজ চলমান আছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৬.৮৯%।
- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৩.৭১%।

উত্তরা ডিপো: ডিপো এলাকায় রেলওয়ে ট্র্যাক এবং বৈদ্যুতিক স্থাপনা ও যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন করে চালু করা হয়েছে।

উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ: ভায়াডাস্টে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন, Overhead Catenary System, সিগন্যালিং সিস্টেমের ইকুইপমেন্ট এবং অটোমেটিক ফেয়ার কালেকশন (AFC) ইকুইপমেন্ট স্থাপন ও চালু করা হয়েছে। AFC সার্ভারের সংগে ক্লিয়ারিং হাউজ সার্ভারের ইন্টেগ্রেশন সম্পন্ন করে ৯টি স্টেশনের AFC সিস্টেম চালু আছে।

আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ: মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ সম্পন্ন করে যাবতীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন এবং ৩০ কেভি ও ১৩২ কেভি ক্যাবল লেইং-এর কাজ সম্পন্ন হয়েছে। মানিকনগর পিজিসিবি আউটডোর জিআইএস ও মতিঝিল আরএসএস-এর জিআইএস কমিশনিং এবং ক্যাবল এন্ড টার্মিনেশন-এর কাজ চলমান আছে। আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন এবং OCS ওয়্যারিং সম্পন্ন হয়েছে। এই অংশের স্টেশনসমূহে স্থাপিতব্য ০৭টি ASS ও ০৩টি TSS এর বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন, টেস্টিং ও কমিশনিং সম্পন্ন হয়েছে। সিস্টেম ইন্টিগ্রেশন টেস্টিং কার্যক্রম চলমান রয়েছে। ওভারহেড ক্যাটেনারি সিস্টেম ও ট্র্যাকের ট্রেন লোড টেস্টিং সম্পন্ন হয়েছে। এই অংশের সকল (০৭ টি) স্টেশনের সিগন্যালিং সিমুলেশন টেস্ট, Platform Screen Doors (PSD) ইন্সটলেশন কাজ এবং ইলেকট্রিক টেস্ট সম্পন্ন হয়েছে। স্টেশনসমূহের Signalling and Telecommunication System, Lifts এবং Escalators স্থাপনের কাজ চলছে।

- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। সংগৃহীতব্য ২৪টি ট্রেন সেটের মধ্যে ২৪টি ট্রেন সেট ইতোমধ্যে ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌছেছে। গত ০৭ জুলাই ২০২৩ তারিখ হতে আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশের মেট্রো ট্রেনের চলাচল পরীক্ষণ শুরু করা হয়েছে। ট্রেন ও স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ডিপো ইকুইপমেন্ট উত্তরা ডিপোতে সরবরাহ ও স্থাপনের কাজ চলমান আছে। এই ধারাবাহিকতায় গত ১৩ আগস্ট ২০২৩ তারিখ Fork Lift Tractor, ২১ আগস্ট ২০২৩ তারিখ Under-Frame blow down plant, ২২ আগস্ট ২০২৩ তারিখ General Purpose Lathe Machine, ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ Maintenance Management System, ২৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ Rail fed bogie wash plant এবং ২৭

সেপ্টেম্বর ২০২৩ তারিখ Crane Mounted Truck ও Mobile/Portable Oxyacetylene Cutting Machine উত্তরা ডিপোতে সরবরাহ পাওয়া গেছে। সরবরাহপ্রাপ্ত সকল ইকুইপমেন্টের নির্ধারিত পরীক্ষা ও স্থাপন কার্যক্রম চলমান আছে। আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত এই অংশের মেট্রো ট্রেন চলাচলের Performance Test, System Integration Test (SIT) ও Trial Run করা হবে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৯২.০৫%।

- **প্যাকেজ-০৯ [Enterprise Resource Management System (ERMS)]:** ডিএমটিসিএল এর অফিস ব্যবস্থাপনা অটোমেশন করার নিমিত্ত Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের জন্য গত ১১ মে ২০২৩ তারিখে EOI আহ্বান করা হয়। নির্ধারিত তারিখের মধ্যে ২০টি প্রতিষ্ঠান টেন্ডার ডকুমেন্ট ক্রয় করলেও টেন্ডার ডকুমেন্ট জমা দেওয়ার শেষ তারিখ ০৮ আগস্ট ২০২৩ এর মধ্যে কোন দরপত্র জমা পড়েনি। বিষয়টি পরীক্ষা করে পরবর্তী পদক্ষেপ নেয়া হচ্ছে।